**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/26/2026 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল FIFA ওয়ার্ল্ড কাপ 2026™ থেকে নিউ ইয়র্ক ও নিউ জার্সিতে 3.5 বিলিয়ন মার্কিন ডলারের আঞ্চলিক অর্থনৈতিক প্রভাব তৈরির ঘোষণা করলেন

***নিউ ইয়র্ক ও নিউ জার্সিতে অর্থনৈতিক প্রভাব মূল 3.3 বিলিয়ন মার্কিন ডলারের প্রোজেকশনকে ছাড়িয়ে গেছে, যা 1.9 বিলিয়ন মার্কিন ডলারের প্রত্যক্ষ খরচের মাধ্যমে সম্ভব হয়েছে***

***টুর্নামেন্টটি মোট 27,000-টির বেশি চাকরিকে সমর্থন করেছে, মোট 1.4 বিলিয়ন মার্কিন ডলারের শ্রম আয় তৈরি করেছে, এবং সমগ্র অঞ্চলে স্টেট ও স্থানীয় ট্যাক্স বাবদ 414 মিলিয়নের বেশি মার্কিন ডলার আয় করেছে***

***চূড়ান্ত গবেষণায় বড় আন্তর্জাতিক স্পোর্টিং ইভেন্টের জন্য বিশ্বের অন্যতম সেরা গন্তব্য হিসেবে নিউ ইয়র্ক ও নিউ জার্সির অবস্থান আরো সুস্পষ্ট হয়েছে***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে FIFA ওয়ার্ল্ড কাপ 2026™ (FIFA World Cup 2026™) নিউ ইয়র্ক (New York) ও নিউ জার্সিতে (New Jersey) মোট 3.5 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক প্রভাব তৈরি করেছে, যা এই অঞ্চলের জন্য মূল 3.3 বিলিয়ন মার্কিন ডলারের প্রভাবের প্রোজেকশনকে ছাড়িয়ে গেছে। Oxford Economics-এর একটি কোম্পানি, Tourism Economics পরিচালিত The Economic and Fiscal Impact of the 2026 FIFA World Cup on the New York and New Jersey Region নামের প্রতিবেদনে বিশ্বের সব থেকে বড় স্পোর্টিং ইভেন্ট আয়োজনের ফলে সৃষ্ট অর্থনৈতিক কর্মকাণ্ডের অসাধারণ ব্যাপ্তি তুলে ধরা হয়েছে।

"আমাদের লক্ষ্য ছিলো বিশ্বকে নিউ ইয়র্কে স্বাগত জানানো এবং একই সাথে নিশ্চিত করা যাতে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর কাছে এই প্রজন্মে একবার আসা ইভেন্টে অংশ নেওয়ার এবং এর সুফল পাওয়ার সুযোগ থাকে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এবং আমরা ঠিক সেটিই করেছি। স্থানীয় ব্যবসা ও রেস্তোরাঁতে বাড়তি খরচ থেকে শুরু করে হোটেলগুলির বেশি আয় পর্যন্ত, ওয়ার্ল্ড কাপ আমাদের স্টেটে স্থায়ী একটি প্রভাব ফেলেছে। পুরো স্টেটে আমাদের শিশুদের খেলার জন্য আরো বেশি সকার অবকাঠামো গড়ে তোলার মাধ্যমে এখানে, নিউ ইয়র্কে, আমরা নিশ্চিত করতে চাই যাতে নিউ ইয়র্কবাসীরা ওয়ার্ল্ড কাপের সুফল ও আনন্দ পেতে থাকেন।"

নিউ ইয়র্ক ও নিউ জার্সিতে FIFA ওয়ার্ল্ড কাপ 2026™-এর কর্মকাণ্ডের ফলে প্রায় 1.9 বিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ খরচ করা হয়েছে, 27,424টি পূর্ণকালীন ও খণ্ডকালীন চাকরিকে সমর্থন করা হয়েছে, প্রায় 1.4 বিলিয়ন মার্কিন ডলারের মোট শ্রম আয় তৈরি হয়েছে, এবং স্টেট ও স্থানীয় ট্যাক্স বাবদ মোট 414.2 মিলিয়ন মার্কিন ডলার আয় হয়েছে।

এই প্রভাব আঞ্চলিক অর্থনীতির সর্বত্র অনুভূত হয়েছে যেহেতু নিউ ইয়র্ক ও নিউ জার্সি FIFA ওয়ার্ল্ড কাপের ফাইনাল সহ আটটি ম্যাচের জন্য ইউনাইটেড স্টেটসের (United States) নানা প্রান্ত এবং বিশ্বের নানা দেশ থেকে আসা দর্শনার্থীদের New York New Jersey Stadium স্বাগত জানিয়েছে, এবং একই সাথে পুরো নিউ জার্সিতে এবং নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোর সবগুলিতে ও নিউ ইয়র্ক স্টেটে বিনামূল্যের অফিসিয়াল ফ্যান ইভেন্ট এবং অন্যান্য অ্যাফ্লিয়েটেড প্রোগ্রামও ছিলো। অঞ্চলে অনুষ্ঠিত ওয়ার্ল্ড কাপের আটটি ম্যাচে 645,000-এর বেশি দর্শক উপস্থিত ছিলেন এবং একই সাথে আরো 626,300 জন স্থানীয় নন এমন দর্শনার্থী ওয়ার্ল্ড কাপের সাথে সম্পর্কিত নানা কার্যক্রমে অংশ নিতে নিউ ইয়র্ক বা নিউ জার্সিতে ভ্রমণ করেছেন, যার মধ্যে আঞ্চলিক ফ্যান অভিজ্ঞতাও রয়েছে। ম্যাচ ও ম্যাচের বাইরের কার্যক্রমে অংশ নেওয়া দর্শনার্থীরা মিলিতভাবে আঞ্চলিক অর্থনীতিতে প্রায় 1.7 বিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ খরচ করেছেন।

টুর্নামেন্ট আয়োজনের সাথে সম্পর্কিত পরিচালন খরচের পরিমাণ ছিল প্রায় 286 মিলিয়ন মার্কিন ডলার।

টুর্নামেন্টের অর্থনৈতিক সুফল অনেক ধরনের ইন্ডাস্ট্রির ব্যবসা ও কর্মীদের কাছে পৌঁছেছে:

- আবাসন: প্রায় 653 মিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ খরচ
- খাদ্য ও পানীয়: প্রায় 346 মিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ খরচ
- খুচরা বিক্রি: প্রায় 264 মিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ খরচ
- পরিবহন: প্রায় 200 মিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ খরচ
- বিনোদন এবং আমোদ প্রমোদ: প্রায় 195 মিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ খরচ

দর্শনার্থীদের প্রত্যক্ষ খরচ এবং পরিচালন খরচের বাইরেও, এই মার্কিন ডলারগুলি আঞ্চলিক সরবরাহকারীদের কাছ থেকে পণ্য ও সেবা কেনা এবং টুর্নামেন্টের কারণে চাকরি ও আয় থেকে উপকৃত কর্মীদের খরচের মাধ্যমে পুরো নিউ ইয়র্ক এবং নিউ জার্সিতে সচল থেকেছে। মোট প্রায় 1.9 বিলিয়ন মার্কিন ডলারের প্রত্যক্ষ অর্থনৈতিক কর্মকাণ্ডের ফলে অতিরিক্ত 693 মিলিয়ন মার্কিন ডলারের পরোক্ষ ব্যবসায়িক কর্মকাণ্ড এবং 916 মিলিয়ন মার্কিন ডলারের প্ররোচিত অর্থনৈতিক কর্মকাণ্ড তৈরি হয়েছে, যার ফলে টুর্নামেন্টটির মোট আঞ্চলিক অর্থনৈতিক প্রভাব দাঁড়িয়েছে প্রায় 3.5 বিলিয়ন মার্কিন ডলার।

**মেজর ইভেন্টসের সিনিয়র ডিরেক্টর Justin Brannan (জাস্টিন ব্র্যানান) বলেন,** "লোয়ার ইস্ট সাইড (Lower East Side) থেকে নায়াগ্রা ফলস (Niagara Falls) পর্যন্ত, ওয়ার্ল্ড কাপ নিউ ইয়র্কের জন্য একটি স্পষ্ট সাফল্য ছিল। বিশ্বের নজর যখন আমাদের উপর ছিলো তখন গভর্নর Hochul (হোকল) আবারও সফলভাবে নেতৃত্ব দিয়েছেন, এবং সরকারের প্রতিটি স্তরে অসাধারণ সমন্বয়ের মাধ্যমে আমরা কোটি কোটি ভক্তকে স্বাগত জানিয়েছি এবং ইতিহাসের সব থেকে বড় স্পোর্টিং ইভেন্টগুলির একটিকে সফলভাবে, অর্থাৎ নিরাপদে, নির্বিঘ্নে এবং সবার অংশগ্রহণ

নিশ্চিত করে আয়োজন করেছি। এটি ছিলো প্রজন্মে একবার আসে এমন একটি গ্রীষ্মকাল, এবং এই প্রতিবেদন প্রমাণ করে যে বড় আয়োজনে বিচক্ষণ বিনিয়োগ বাস্তব সুফল এনে দেয়: চাকরিকে সমর্থন করে, স্থানীয় কমিউনিটির ব্যবসায়িক কর্মকাণ্ড বাড়ায় এবং পুরো স্টেটে অর্থনৈতিক সুফল তৈরি করে। নিউ ইয়র্ক শুধু বিশ্বকে স্বাগত জানায়নি; আমরা নিশ্চিত করেছি যাতে নিউ ইয়র্কবাসীরাও এর সুফল পান, এবং কল্পনা করা যায় এমন সব থেকে বড় মঞ্চে দেখিয়েছি যে নিউ ইয়র্কের সেরা কাজ কেমন হয়।"

**FIFA ওয়ার্ল্ড কাপ 2026™-এর নিউ ইয়র্ক নিউ জার্সি হোস্ট কমিটির (New York New Jersey Host Committee) CEO Alex Lasry (অ্যালেক্স ল্যাসরি) বলেন,** "চূড়ান্ত পরিসংখ্যান প্রমাণ করে যে নিউ ইয়র্ক ও নিউ জার্সি শুধু এই আয়োজনের চ্যালেঞ্জ গ্রহণ করেই থেমে থাকেনি, আমরা প্রত্যাশাকেও ছাড়িয়ে গেছি এবং এমন একটি প্রভাব তৈরি করেছি যা শেষ বাঁশি বাজার পরেও অনেক দিন ধরে অনুভূত হবে। আমাদের হোটেল, রেস্তোরাঁ, ক্ষুদ্র ব্যবসা ও কমিউনিটিগুলির মধ্য দিয়ে বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার প্রবাহিত হয়েছে, কয়েক হাজার চাকরি সমর্থিত হয়েছে এবং পুরো অঞ্চলের মানুষ বিশ্বকে স্বাগত জানানোর সুফলের ভাগ পেয়েছেন। ঠিক ততটাই গুরুত্বপূর্ণ বিষয় হলো, ফাইনালের সাথে এই প্রভাব শেষ হয়ে যায়নি। এই ওয়ার্ল্ড কাপের মাধ্যমে তৈরি বিনিয়োগ, পার্টনারশিপ এবং বিশ্বব্যাপী পরিচিতি আমাদের কমিউনিটিগুলির জন্য ভবিষ্যতেও সুফল বয়ে আনবে এবং আবারও প্রমাণ হয়েছে যে ক্রীড়া ও সংস্কৃতির সব থেকে বড় মুহূর্তগুলি আয়োজনের জন্য নিউ ইয়র্ক ও নিউ জার্সির থেকে ভালো কোনো স্থান পৃথিবীতে নেই।"

গবেষণায় দেখা গেছে, নিউ ইয়র্ক ও নিউ জার্সিতে টুর্নামেন্টটি মোট 27,424টি চাকরিকে সমর্থন করেছে, এর মধ্যে প্রায় 18,000টি চাকরি ওয়ার্ল্ড কাপের পরিচালন ও দর্শনার্থীদের খরচের মাধ্যমে সরাসরি সমর্থিত হয়েছে। খাদ্য ও পানীয় ব্যবসায় কর্মসংস্থানের উপর সব থেকে বেশি প্রভাব পড়েছে, এবং প্রায় 4,500টি মোট চাকরিকে সমর্থন করা হয়েছে, এরপর পরিবহন খাতে প্রায় 4,400টি এবং আবাসন খাতে প্রায় 4,000টি মোট চাকরিকে সমর্থন করা হয়েছে। এই কর্মসংস্থানের প্রভাব পুরো আঞ্চলিক অর্থনীতিতে কর্মীদের জন্য প্রায় 1.4 বিলিয়ন মার্কিন ডলারের মোট শ্রম আয়ে রূপান্তরিত হয়েছে, যার মধ্যে প্রায় 792 মিলিয়ন মার্কিন ডলার ছিলো প্রত্যক্ষ শ্রম আয় এবং পরোক্ষ ও প্ররোচিত অর্থনৈতিক কর্মকাণ্ডের মাধ্যমে আরও 580 মিলিয়ন মার্কিন ডলার তৈরি হয়েছে।

টুর্নামেন্টটি সরকারি খাতের জন্যও উল্লেখযোগ্য সুফল তৈরি করেছে। ওয়ার্ল্ড কাপ সংক্রান্ত আঞ্চলিক কর্মকাণ্ডের ফলে ফেডারেল, স্টেট ও স্থানীয় ট্যাক্স বাবদ মোট প্রায় 759 মিলিয়ন মার্কিন ডলার আয় হয়েছে, যার মধ্যে স্টেট ও স্থানীয় সরকারগুলির জন্য ছিলো 414.2 মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে প্রায় 174 মিলিয়ন মার্কিন ডলারের মোট সেলস ট্যাক্স এবং প্রায় 39 মিলিয়ন মার্কিন ডলারের মোট বেড ট্যাক্স রাজস্ব রয়েছে।

Tourism Economics নিউ ইয়র্ক ও নিউ জার্সি অঞ্চলে FIFA ওয়ার্ল্ড কাপ 2026™-এর অর্থনৈতিক প্রভাব পরিমাপ করতে আয়োজনের আগে ও পরে বিশ্লেষণ পরিচালনা করেছে।

2025 সালের জুলাইয়ে প্রকাশিত প্রাথমিক বিশ্লেষণের প্রোজেকশন ছিলো যে টুর্নামেন্টটি নিউ ইয়র্ক ও নিউ জার্সিতে মোট 3.3 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক উৎপাদন তৈরি করবে।

টুর্নামেন্ট শেষ হওয়ার পর, Tourism Economics 2026 সালের আগস্টে একই পদ্ধতি ব্যবহার করে আয়োজনের পরবর্তী বিশ্লেষণ পরিচালনা করে এবং এতে প্রকৃত টুর্নামেন্টের তথ্য প্রতিফলিত করতে মডেলের গুরুত্বপূর্ণ ইনপুটগুলি হালনাগাদ করা হয়। বিশ্লেষণে দেখা গেছে, FIFA ওয়ার্ল্ড কাপ 2026™ পুরো অঞ্চলে মোট 3.5 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক উৎপাদন তৈরি করেছে, যা প্রাথমিক প্রোজেকশনকে ছাড়িয়ে গেছে।

বৃদ্ধির পেছনে কয়েকটি কারণ ছিলো, যার মধ্যে রয়েছে FIFA ওয়ার্ল্ড কাপ 2026™ নিউ ইয়র্ক নিউ জার্সি হোস্ট কমিটি, স্থানীয় ও ফেডারেল সরকার, এবং অন্যান্য স্টেকহোল্ডার প্রোজেকশনের তুলনায় বেশি পরিচালন খরচ প্রদান করেছেন; অফিসিয়াল ফ্যান ইভেন্টে প্রত্যাশার তুলনায় বেশি দর্শনার্থীর উপস্থিতি, যদিও এর কিছুটা প্রভাব স্থানীয় দর্শনার্থীদের বেশি অংশগ্রহণের কারণে কমেছে; এবং প্রাথমিক অনুমানের তুলনায় ম্যাচে আন্তর্জাতিক দর্শনার্থীদের বেশি অংশগ্রহণ, যদিও এর কিছুটা প্রভাব স্থানীয় ম্যাচ দর্শনার্থীদের বেশি অংশগ্রহণের কারণে কমেছে।

500,000 ডলারের নিউ ইয়র্ক স্টেট কমিউনিটি ওয়ার্ল্ড কাপ গ্রান্ট প্রোগ্রাম স্থানীয়ভাবে আয়োজিত খেলা দেখার অনুষ্ঠানগুলোতে সহায়তা প্রদানের মাধ্যমে পুরো নিউ ইয়র্ক জুড়ে 2026 ফিফা বিশ্বকাপ উদযাপনের বিষয়টি নিশ্চিত করেছে। এর লক্ষ্য হলো আঞ্চলিক অর্থনৈতিক কর্মকাণ্ডকে গতিশীল করা, স্থানীয় ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে দর্শনার্থীদের সমাগম বৃদ্ধি করা এবং নিউ ইয়র্কের সকল বাসিন্দাকে প্রজন্মের মধ্যে একবারই ঘটে যাওয়া এই বিশ্বমানের ক্রীড়া ইভেন্টে অংশগ্রহণের জন্য একটি নিরাপদ ও সহজলভ্য সুযোগ করে দেওয়া। এর ফলে, আপস্টেট অঞ্চলের সাতটি এলাকার 13টি প্রকল্প বিশ্বকাপ-কেন্দ্রিক বহুসংখ্যক কমিউনিটি ইভেন্ট আয়োজনের জন্য রিজিওনাল অ্যাক্টিভেশন গ্রান্ট (Regional Activation grants) লাভ করেছে।

12ই জুন স্টোনি ব্রুক ইউনিভার্সিটিতে আয়োজিত স্টেটের লং আইল্যান্ড-কেন্দ্রিক প্রধান ইভেন্টটিতে দিনজুড়ে প্রায় 6,000 মানুষ অংশ নিয়েছিলেন; এর মধ্যে সন্ধ্যায় যুক্তরাষ্ট্র বনাম প্যারাগুয়ে ওয়াচ পার্টিতে উপস্থিত ছিলেন প্রায় 5,000 দর্শক। ইভেন্টটি ছিল সবার জন্য উন্মুক্ত ও পরিবার-বান্ধব এবং এর আয়োজনের মধ্যে ছিল সরাসরি ম্যাচ সম্প্রচার, থার্ড আই ব্লাইন্ড (Third Eye Blind)-এর কনসার্ট, একটি ফ্যামিলি ফ্যান জোন (Family Fan Zone), ফুটবল-বিষয়ক নানা অংশগ্রহণমূলক কার্যক্রম, খাবারের দোকান এবং সরকারি সংস্থাগুলোর বিভিন্ন প্রদর্শনী। স্টনি ব্রুকের এই আয়োজনে শুরু থেকেই সবার অংশগ্রহণ ও প্রবেশযোগ্যতার বিষয়টি নিশ্চিত করা হয়েছিল। এর মধ্যে অন্তর্ভুক্ত ছিল সবার জন্য সুবিধাজনকভাবে দেখার ব্যবস্থা, আমেরিকান উইথ ডিসেবিলিটি অ্যাক্ট (ADA) অনুযায়ী বিশেষ সুবিধা, সর্বজনীন বা অন্তর্ভুক্তিমূলক পরিকল্পনা, স্পেশাল অলিম্পিকস নিউ ইয়র্ক (Special Olympics New York) এর অংশগ্রহণ এবং সব ধরনের সক্ষমতার মানুষের জন্য পরিবার-কেন্দ্রিক কার্যক্রম।

19 জুন ইউবিএস অ্যারেনা বিশ্বকাপ ওয়াচ পার্টিতে (UBS Arena World Cup Watch Party) মোট 13,000-এরও বেশি দর্শক অংশ নেন। এর মধ্যে যুক্তরাষ্ট্র বনাম অস্ট্রেলিয়া ম্যাচের জন্য প্রায় 3,000 এবং হাইতি বনাম ব্রাজিল ম্যাচের জন্য 10,000-এরও বেশি দর্শক উপস্থিত ছিলেন। এর ফলে একটি প্রাণবন্ত ও আকর্ষণীয় ওয়াচ পার্টির আয়োজন করা হয়েছিল, যেখানে সরাসরি ম্যাচ সম্প্রচার, ইনডোর ও আউটডোরে ভক্তদের জন্য বিভিন্ন কার্যক্রম, দলের অভিজ্ঞতা,

খাবার ও পানীয়ের আয়োজন এবং কমিউনিটির জন্য ব্যাপক মিলনস্থলের সমন্বয় ঘটেছিল। এটি ইউবিএস অ্যারেনা, ওক ভিউ গ্রুপ (Oak View Group), নিউ ইয়র্ক মেটস (New York Mets), নিউ ইয়র্ক আইল্যান্ডার্স (New York Islanders) এবং নিউ ইয়র্ক সিটি ফুটবল ক্লাবকে (New York City Football Club) এক বিরল ক্রশ-সেক্টর অংশীদারিত্বের আওতায় একত্রিত করেছিল, যা বিশ্বকাপের সুফলকে আয়োজক স্থানের গণ্ডি ছাড়িয়ে আরও বিস্তৃত করতে সহায়তা করেছিল।

ওয়েস্টচেস্টার কাউন্টির কেনসিকো ড্যাম প্লাজায় (Kensico Dam Plaza) আয়োজিত নিউ ইয়র্ক স্টেট ইউনাইটেড — 2026 বিশ্বকাপ ম্যাচ দেখার উন্মুক্ত আয়োজনে 5,500 জনেরও বেশি নিউ ইয়র্কবাসী অংশ নিয়েছিলেন। ম্যাচ শুরু হওয়ার আগে নিউ ইয়র্ক স্টেটের অনেক এজেন্সি, স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী, স্থানীয় সকার দলসহ 25টির বেশি পার্টনার পরিবারবান্ধব নানা কার্যক্রমের আয়োজন করেছে। এছাড়াও, স্থানীয় 18টি খাদ্য ও পানীয় বিক্রেতা এতে অংশ নিয়েছিল, যা প্রমাণ করে যে, আয়োজক সিটিগুলোর গণ্ডি ছাড়িয়ে পুরো স্টেট জুড়ে স্থানীয় অর্থনীতিকে গতিশীল করার ক্ষেত্রেও নিউ ইয়র্কের সক্ষমতা রয়েছে।

FIFA ওয়ার্ল্ড কাপ 2026 ফাইনালের জন্য Central Park-এ আয়োজিত বিনামূল্যের ওয়াচ পার্টিতে 30,000-এর বেশি দর্শক অংশ নিয়েছেন। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) 9.5 মিলিয়ন ডলার বিনিয়োগ এবং নিউ ইয়র্ক সিটির 3.5 মিলিয়ন ডলার বরাদ্দের সহায়তায়, এই ওয়াচ পার্টি দর্শকদের একত্রিত হয়ে বিনামূল্যে বিশ্বকাপ ফাইনাল দেখার সুযোগ দিয়েছে। iHeartRadio এই ইভেন্টের অফিসিয়াল মিডিয়া পার্টনার হিসেবে কাজ করেছে। জাতীয়ভাবে সম্প্রচারিত অনুষ্ঠানের জনপ্রিয় উপস্থাপক চার্লামেন দ্য গড (Charlamagne Tha God) এবং এলভিস ডুরান (Elvis Duran) এই ওয়াচ পার্টির সঞ্চালনা করেন এবং এছাড়া অনুষ্ঠানটিতে ছিল সরাসরি বিনোদনের ব্যবস্থা এবং স্থানীয় ফুড ভেন্ডররা।

টুর্নামেন্টের অর্থনৈতিক সুফল ছাড়াও এর আরো ধারাবাহিক প্রভাব আছে। অর্থবছর 2027 বাজেটের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) চালু করেন, 5 মিলিয়ন ডলারের NY Kicks প্রোগ্রাম: স্টেটের প্রতিটি অঞ্চলের সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলিতে ফুটবল অবকাঠামো নির্মাণের লক্ষ্যে একটি ওয়ার্ল্ড কাপ লিগেসি ইনভেস্টমেন্ট ফান্ড (World Cup Legacy Investment Fund) গঠন যাতে কমিউনিটিগুলিকে আরো শক্তিশালী করা যায় এবং বিশ্বকাপ শেষ হয়ে যাওয়ার পরেও খেলাটির প্রতি সকলের ভালোবাসার মাধ্যমে মানুষকে একত্রিত করা যায়। এছাড়াও বাজেটে আছে: নতুন এইসব স্থাপনার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে NY Kicks-এর প্রাপকদের সরঞ্জাম, প্রশিক্ষণ, এবং ইউনিফর্ম, শিন গার্ড, সকার বল ও কোচের মতো অন্যান্য পরিচালন খরচ দিয়ে সমর্থন করতে আরো সর্বোচ্চ 1 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল দেওয়া হবে।

সব মিলিয়ে, টুর্নামেন্টের রেকর্ড অর্থনৈতিক সাফল্য এবং স্থায়ী কমিউনিটির বিনিয়োগ নিউ ইয়র্ক ও নিউ জার্সিকে বড় আন্তর্জাতিক স্পোর্টিং ইভেন্টের জন্য বিশ্বের শীর্ষ অন্যতম সেরা গন্তব্য হিসেবে আরো সুপ্রতিষ্ঠিত করেছে, যা এই অঞ্চল এমন অবকাঠামো, অভিজ্ঞতা এবং তুলনাহীন আঞ্চলিক সম্পদ নিয়ে বিশ্বকে অভূতপূর্ব পরিসরে স্বাগত জানানো এবং একই সাথে এই অঞ্চলে বসবাসকারী মানুষের জন্য স্থায়ী সুফল নিয়ে আসার মাধ্যমে হয়েছে।

The final Economic and Fiscal Impact of the 2026 FIFA World Cup on the New York and New Jersey Region প্রতিবেদনটি এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।